

## আকার মাত্রিক শব্দভিত্তি

শুদ্ধ স্বর—স র গ গ ম প ধ ন।

বিকৃত স্বর—ঋ ঌ দ ণ কোমল ও ঙ্গ তীর।

মন্দ্র সপ্তকের চিহ্ন—স্বরের নীচে হসন্ত চিহ্ন দিতে হয়। যথা ন্, ধ্, ইত্যাদি।

তার সপ্তকের চিহ্ন—স্বরের মাথায় রেফ্ চিহ্ন দেওয়া হয়। যথা—স্ র্ গ্ ইত্যাদি।

একটি স্বরে একমাত্রা হইলে—স্বরের ডান পার্শ্বে আকার চিহ্ন দিতে হয়। যথা—সা রা ইত্যাদি। একমাত্রার একাধিক স্বর থাকিলে, যতগুলি স্বর একমাত্রার হইবে তাহাদিগকে একত্রে লিখিয়া শেষের স্বরে আকার যোগ করিতে হয়। যথা—সরা, সরগা ইত্যাদি। ইহার অর্থ এই যে, প্রত্যেকটি স্বরে একটি মাত্রা সমান ভাগে বিভক্ত হইবে।

অর্ধ মাত্রার চিহ্ন ‘ঃ’ বিসর্গ। দুইটি অর্ধমাত্রা—সরা। চারিটি সিকিমাত্রা—সরগমা। দুইটি সিকিমাত্রা—সরঃ। একটি অর্ধমাত্রা ও দুইটি সিকিমাত্রা একত্রে—সঃ রগঃ। একটি দেড়মাত্রা ও একটি অর্ধমাত্রা একত্রে—সাঃ রঃ।

স্পর্শ বা কণ্ স্বর—ইহাকে মূল স্বরের অগ্রে বা পশ্চাতে মূল স্বরের

গ ধ

উপর ছোট আকারে লেখা হয়। যথা—মা, পা ইত্যাদি।

কোন স্বরের পুনরাবৃত্তি বন্ধ হইতে গদ্য বন্ধনী বা দ্বিতীয় বন্ধনীর ব্যবহার করা হয়। কিন্তু পুনরাবৃত্তির সময় গদ্য বন্ধনীর ভিতরের কোন অংশ বাদ

দিতে হইলে তাহাদিগকে প্রথম বন্ধনীর ভিত্তর লেখা হয়, যেমন—{ সা সা  
( গা মা ) রাঃ পা } পুনরাবৃত্তির সময় কোন স্বরের পরিবর্তে অন্য কোন  
স্বর ব্যবহার করিতে হইলে পরিবর্তিত স্বরসমূহ তৃতীয় বন্ধনীর ভিতরে যে  
স্বরের পরিবর্তে হইবে তাহার মাথায় লেখা হয়। যেমন— { [ মা গা রা ]  
সা গা রা }

ইহার অর্থ এই যে, পুনরাবৃত্তির সময় দ্বিতীয় বন্ধনীর ভিতরের স্বরগুলির  
পরিবর্তে তৃতীয় বন্ধনীর স্বরগুলি হইবে।

কোন স্বরের মাথায় দুইটি লম্বা দাঁড়ি থাকিলে বুঝিতে হইবে যে, ঐ  
স্বর পর্যন্ত গাইয়া অন্য পংক্তি গাইতে হইবে অথবা ঐ স্বরে গিয়া একেবারে  
থামিতে হইবে।

মীড়ের চিহ্ন—যে স্বরে মীড় বুঝাইতে হইবে তাহাদের নীচে অর্ধ বৃত্তাকার  
চিহ্ন দিতে হইবে। যথা—পা গা।

স্বরের নীচে গীতের কোন বাণী না থাকিলে স্বরের বাম দিকে হাইফেন ও  
গীতের বাণীর ডান পার্শ্বে শূন্য দেওয়া হয়।

যথা—সা -রা -গা -মা

ব ০ ০ ০

এক স্বর একাধিক মাত্রা দীর্ঘ হইলে এবং ঐ মাত্রা সংখ্যায় যদি গানের কোন  
অক্ষর না থাকে, তাহা হইলে প্রথমে স্বরের নাম লিখিয়া স্বরটি যত মাত্রা দীর্ঘ  
হইবে স্বরের ডানদিকে ততগুলি আকার চিহ্ন এবং গানের অক্ষরের ডানদিকে  
ততগুলি শূন্য বসিবে।

যথা—গা -া -া -া

লো ০ ০ ০

ঝঃ = অতিকোমল ঋষভ। ইহার স্থান স ও ঋ স্বরদ্বয়ের মধ্যবর্তী।  
এইরূপ জঃ, দঃ, গঃ।

ঝ² = অনুকোমল ঋষভ। ইহার স্থান ঋ ও র স্বরদ্বয়ের মধ্যবর্তী।  
যথা—জঃ, দঃ, গঃ।

তালের বিভাগ লম্ব দাঁড়ির দ্বারা বোঝান হয়। গানের প্রত্যেক লাইন  
আরম্ভে ও শেষে যুগল বা দুইটি করিয়া লম্ব দাঁড়ি দেওয়া হয়। যুগল  
দাঁড়ির অর্থ স্থায়ীতে ফিরিয়া আসা। গানের যেখানে সমাপ্তি ঘটে সেখানে  
চারটি দাঁড়ি দিতে হয়। বিভিন্ন তালের বিভাগের চিহ্ন ১, ২, ৩ ইত্যাদি

সংখ্যার দ্বারা বোঝান হয়। ফাঁক বা খালির জন্য 'শূন্য' '0' এই চিহ্ন দেওয়া হয়। 'সম'-এর বিভাগে ২ লেখা হয় এবং তাহার মাথায় রেফ দেওয়া থাকে। যথা—২'।